বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)
কোটবাড়ী, কুমিল্লা

স্মারক নং ৪৭.৬৩.০০০০.০৩৫.০৪.০০৩.১৯/ ৬৬৭

১০ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ ঃ ----------
২৩ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

কাঁঠাল বিক্রির প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

বার্ড ক্যাম্পাসের অভ্যন্তরে ৫৭৬টি কাঁঠাল গাছের ৬০৪৬টি কাঁঠাল (কম/বেশী) প্রকাশ্য নিলামে বিক্রি হবে। উক্ত কাঁঠালগুলো যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় সর্বোচ্চ দরদাতার নিকট নগদ মূল্য পরিশোধ সাপেক্ষে বিক্রি করা হবে। আগ্রহী ক্রেতাগণকে আগামী ০৭/০৫/২০২৫ তারিখ রোজ বুধবার সকাল ১১ঃ০০ ঘটিকার প্রকাশ্য নিলামে অংশ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। উক্ত তারিখের পূর্বে বাগান শাখার মাধ্যমে সরেজমিনে কাঁঠাল গাছের সংখ্যা ও কাঁঠাল পরিদর্শন করতে হবে। প্রকাশ্য নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক প্রত্যেককে নগদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা (ফেরতযোগ্য) জামানত হিসাবে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য যে, সর্বোচ্চ দরদাতাকে মোট মূল্যের উপর ভ্যাট ১৫% ও আয়কর ১০% প্রদান করতে হবে। সর্বোচ্চ দরদাতা নিলামকৃত কাঁঠাল নিতে ব্যর্থ হলে তার জামানত বাজেয়াপ্ত করা হবে। আগ্রহী ক্রেতাগণকে আগামী ০৭/০৫/২০২৫ খ্রিস্টাব্দ তারিখ রোজ বুধবার বেলা ১১ঃ০০ ঘটিকায় প্রকাশ্য নিলামে অংশগ্রহণ করার লক্ষ্যে একাডেমির ৫নং শ্রেণি কক্ষে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী

০১। নিলামে অংশগ্রহণের পূর্বে সরেজমিনে কাঁঠাল গাছের সংখ্যা ও কাঁঠাল দেখে নিলামে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। নিলাম কার্য সম্পাদনের পর কাঁঠালের আকার ও সংখ্যা সম্পর্কিত কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না ।

০২। সর্বোচ্চ নিলাম দরদাতাকে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণ সাপেক্ষে নিলামের মোট মূল্যের সম্পূর্ণ টাকা ভ্যাট ও আয়করসহ তিন কার্যদিবসের মধ্যে বাগান শাখায় নগদ জমা দিয়ে কাঁঠাল বুঝে নিতে হবে।

০৩। বিক্রিত কাঁঠাল পাহারা বা কর্তনের ক্ষেত্রে সর্বোচ্চ ৬ জন নিয়োজিত থাকতে পারবে। নিয়োজিত কোন ব্যক্তির উচ্ছৃঙ্খলতা, অসামাজিক বা অশোভন কার্যকলাপ কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না। এরূপ কোন কার্যকলাপ পরিলক্ষিত হলে একাডেমি কর্তৃপক্ষ যে কোন ব্যবস্থা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

০৪। কৃতকার্য দরদাতা কর্তৃক কাঁঠাল কর্তন করার পর মজুদ রাখার জন্য বার্ড ক্যাম্পাসে কোন ঘর বা গোডাউন দেয়া হবে না।

০৫। কোন কারণ দর্শানো ব্যতিত যে কোন নিলাম গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(আইরীন পারভিন)
পরিচালক (প্রশাসন)
23 APR 2025

বিতরণঃ

১. পরিচালক (কৃষি ও পরিবেশ), বার্ড।
২. সহকারী পরিচালক (ফার্ম), বার্ড।
৩. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী - মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. নোটিশ বোর্ড, বার্ড।
৫. মেইন গেইট, বার্ড।
৬. নোটিশ বোর্ড ক্যান্টনমেন্ট বোর্ড মার্কেট, কোটবাড়ী, কুমিল্লা।
৭. নোটিশ বোর্ড, ডিসি অফিস, কুমিল্লা।
৮. নিমসার বাজার (সকল কাঁঠালের আড়ত), কুমিল্লা।
৯. পদুয়ার বাজার (সকল কাঁঠালের আড়ত), কুমিল্লা।
১০. বরুড়া বাজার (সকল কাঁঠালের আড়ত), কুমিল্লা।
১১. অফিস কপি।